# শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

## মণ্ডলীর সূচনা

লেখক: Edward Hughes

চিত্রাংকন: Janie Forest

অভিযোজন: Ruth Klassen
Alastair Paterson
অনুবাদক: Manab Biswas

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2021 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা ।



যীশু মারা গিয়েছিলেন, আর তাঁর ভীত অনুগামীরা লুকিয়েছিল। যীশুর পুনরুত্থান হওয়ার পর তিনি তাঁর শিষ্যদের দেখা দিলেন। যীশু জীবিত ছিলেন, কিন্তু স্বর্গে যেখানে তিনি সর্বসময় তাঁর পিতার সঙ্গে থাকবেন, সেখানে যাবার জন্য তিনি তাদের ছাড়ার পরিকল্পনা করলেন।

যাবার আগে,
যীশু তাঁর অনুগামীদের প্রতিজ্ঞা
করলেন যে, তাদেরকে সাহায্য করার
জন্য তিনি ঈশ্বরের আত্মাকে পাঠাবেন
(যোহন ১৫:২৬)। সময় এসে গিয়েছিল, কিছুদিন পরে যীশু চলে গেলেন
এবং ঈশ্বরের পবিত্র আত্মা নেমে এলেন।

এটা ঘটেছিল এইভাবে। একটি ঘরে যীশুর একশো কুড়িজন অনুগামী প্রার্থনা করছিল।
হঠাৎ প্রচণ্ড বাতাসে ঘরটা ভরে গেল।



প্রত্যেকের উপর আগুনের শিখা পড়তে লাগল। যীশু যেমন তাদের প্রতিজ্ঞা করেছিলেন, তেমন তারা প্রত্যেকে পবিত্র আত্মায় পরিপূর্ণ হল।

রাস্তার বাইরে যীশুর অনুগামীরা যে ভাষায় কথা বলছিল, তা তারা কোনও দিন শেখেনি। বিদেশী যারা জেরুশালেম দেখতে এসেছিল, তারা শিষ্যদের কাছ থেকে বিভিন্ন ভাষায় ঈশ্বরের মহাকার্যের কথা শুনল। দর্শকরা অবাক হয়ে গেল, তারা প্রশ্ন করল, “এর মানে কী হতে পারে?” অন্যরা তাদের ঠাট্টা করল, “তারা মদে আসক্ত।”

কিন্তু পিতর উঠে বলল, “এরা মদে আসক্ত নয়, এটা সেই বিষয় ছিল যা যোয়েল ভাববাদী বলেছিলেন।” পিতর তাদের মনে করিয়ে দিলেন, অনেক বছর আগে ঈশ্বর প্রতিজ্ঞা করেছিলেন যে, তোমাদের আশীর্বাদ ও সাহায্য করার জন্য পবিত্র আত্মা তোমাদের উপরে আসবে।

পিতর তাদের বলল, তারা যেন তাদের পাপ থেকে ফেরে ও প্রভু যীশুর নামে দীক্ষা নেয় এবং তাহলে তারা পবিত্র আত্মার দান পাবে। তার কথায় কমপক্ষে তিন হাজার লোক মান্য করল। তারা শিষ্যদের সঙ্গে যোগ দিল ও যীশুর উপাসনা করল। সময় পেরোতে লাগল, লোকের পর লোক মণ্ডলীতে অন্তর্ভুক্ত হতে লাগল। পবিত্র আত্মা এলে ঈশ্বর কাজ করতে লাগলেন।



পবিত্র আত্মার শক্তি ঈশ্বরের লোকদের জীবনে আসতে লাগল। একদিন পিতর ও যোহন প্রার্থনার সময় একসাথে মন্দিরে গেছিল। একজন খোঁড়া ভিখারি মন্দিরের বাইরের দরজার সামনে বসেছিল। সে পিতর ও যোহনের কাছে পয়সা চাইল।

তখন পিতর বলল, "রৌপ্য ও স্বর্ণ আমার কাছে নেই, কিন্তু আমার যা আছে, তাই দেব, নাসরতীয় যীশুর নামে ওঠ ও হাঁটা।" তিনি তার ডান হাত দিয়ে লোকটাকে ধরলেন ও টেনে তুললেন। সুতরাং সে লাফাতে লাগল এবং তাদের সাথে হেঁটে মন্দিরে ঢুকল। সে হাঁটছে, লাফাচ্ছে, এবং ঈশ্বরের প্রশংসা করছে।

অনেক জনতা জড়ো হয়েছিল, তারা অলৌকিক ঘটনায় অবাক। পিতর তাদের বললেন এটা তার শক্তি নিয়, কিন্তু ঈশ্বরের শক্তি, যা এই খোঁড়া মানুষটিকে সুস্থ করেছিল। পিতর যখন সেই ইহুদি লোকদের স্মরণ করিয়ে দিচ্ছিল যে, ঈশ্বর যীশুকে মৃতদের মাঝখান দিয়ে উঠিয়েছেন। মন্দিরের নেতারা পিতর ও যোহনকে ধরলেন ও কারাগারে সঁপে দিলেন। যাই হোক না কেন, কম করে পাঁচ হাজার লোক যীশুতে বিশ্বাস করেছিল।

পরের দিন, পিতর ও যোহন মন্দিরের শাসনকারীদের কাছে দাঁড়ালেন। শাসনকর্তারা জিজ্ঞাসা করল, “কোন শক্তিতে এবং কোন নামে তোমরা এটা করেছ।” পবিত্র আত্মায় পূর্ণ হয়ে পিতর সাহসিকতার সাথে উত্তর দিল, “... নাসরতীয় যীশু খ্রীস্টের নামে, যাকে তোমরা ক্রুশারোপিত করেছিলে, যাঁকে ঈশ্বর মৃতদের মধ্যে থেকে উঠিয়েছিলেন, তাঁর নামে আমরা তোমাদের সামনে দাঁড়িয়েছি।”



পিতর নির্ভীকভাবে বলতে লাগল, "... আকাশের নিচে আর অন্য কোনও নাম নেই, যে নামে আমরা পরিত্রাণ পেতে পারি।" লোকেরা যাতে যীশুকে বিশ্বাস না করে, সেইজন্য শাসনকর্তারা পিতর ও যোহনকে ভয় দেখিয়ে বলল, "এখন থেকে তোমরা আর যীশুর কথা প্রচার কোরো না।"

একসময় পিতর যীশুর জন্য দাঁড়াতে ভয় পেয়েছিল, সেটা ছিল পবিত্র আত্মার আসার আগে। কিন্তু এখন কেউ তাকে ভয় দেখাতে পারবে না। পিতর ও যোহন উত্তর দিল, “ঈশ্বরের দৃষ্টিতে এটা কি ঠিক যে, ঈশ্বরের কথা না শুনে তোমাদের কথা শুনি, তোমরাই বিচার কর। আমরা নিজে থেকে কিছু করি না, কিন্তু যা হতে দেখেছি ও শুনেছি, তাই করি ও বলি।”

অনেক ভয়
দেখানোর পর,
শাসনকর্তারা পিতর
ও যোহনকে ছেড়ে
দিল। ঈশ্বরের সাহসী
সেবকরা তাদের
বন্ধুদেরকে জেল ও
আদালত সম্বন্ধে বলল।
আবার ঈশ্বরের পবিত্র
আত্মা লোকদের উপর
শক্তি সহকারে আসেত
লাগল এবং শিশু মণ্ডলী
বেড়ে উঠতে লাগল।

মণ্ডলীর সূচনা

## ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

## যেখানে পাওয়া যায়

প্রেরিত ১-৪

"তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে ।"
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন ।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন । পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন । এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন । যদি আপনি যীশুকে বিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন । তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন ।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো । দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি । আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি । আমেন ।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬